গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
বালিয়াপুকুর, রাজশাহী
প্রশাসন বিভাগ
www.bsb.gov.bd

তারিখ: ২৫-০৬-২০২৬ খ্রি:

নং-২৪.০৬.০০০০.০০৭.১১.০০৫.২৬.৫০৯

## আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তিতে সংশোধনী

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর রাজস্ব বাজেটের আওতায় আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল সরবরাহের নিমিত্ত গত ১০-০৬-২০২৬ তারিখের ২৪.০৬.০০০০.০০৭.১১.০১৬.২৬.৪৯৮ নং স্মারকে প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীর ক্রমিক নং ১, ২, ৩, ৭ ও ৮ সংশোধন পূর্বক তদস্থলে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে:

শর্তাবলী:

০১। আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে হালনাগাদ এতদসংক্রান্ত ট্রেড লাইসেন্স, ভ্যাট ও হালনাগাদ আয়কর পরিশোধের প্রমানপত্র, জনবল সরবরাহের কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতার সনদপত্র, সরকার অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংকের আর্থিক স্বচ্ছলতা সনদ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় জামানতসহ দরপত্র প্রস্তাব পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, বালিয়াপুকুর, রাজশাহী বরাবর দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। ১২-০৭-২০২৬ তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত বোর্ড প্রধান কার্যালয়ে রক্ষিত বাক্সে অথবা ডাক/ কুরিয়ার যোগে (অবশ্যই ১২-০৭-২০২৬ তারিখ দুপুর ০১.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে) দরপত্র প্রস্তাব দাখিল করা যাবে। একই তারিখে দুপুর ০২.০০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্র দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। Standard Tender Document (National) অনুসরণ করতে হবে।

০৭। একাধিক দরদাতার দর একই হলে সেক্ষেত্রে পিপিআর-২০২৫ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট চেয়ারম্যান, বাংলাদেশ রেশম বোর্ড, বালিয়াপুকুর, রাজশাহী এর অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে (ফেরৎ যোগ্য)। জামানতের অর্থ দরপত্রের সাথে দাখিল করা না হলে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, এছাড়া ১০-০৬-২০২৬ তারিখের ২৪.০৬.০০০০.০০৭.১১.০১৬.২৬.৪৯৮ নং স্মারকে প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী বলবৎ থাকবে এবং উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল দরদাতা দরপত্র ক্রয় করেছেন তাঁদেরকে সংশোধিত বিজ্ঞপ্তি অনুযায়ী Standard Tender Document (National) দরপত্র বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর ক্যাশ শাখা হতে সংগ্রহপূর্বক দাখিল করতে হবে। তবে এ ক্ষেত্রে কোন মূল্য পরিশোধ করতে হবে না। পূর্বের দরপত্র ক্রয়ের রশিদ প্রযোজ্য হবে।

বারেন্ডাম / রাজা ৪২-১১ / ২৫.০৬.'২৬

25/06/2026

(মোছাঃ নাছিমা খাতুন)
পরিচালক (প্রশাসন) (অ:দা:)
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।
ফোন:০২৫৮৮৮৫০০৪৭